''সেই ক্রুশের কথা, যাহারা বিনাশ পাইতেছে, তাহাদের কাছে মূর্খতা, কিন্তু পরিত্রাণ পাইতেছি যে আমরা, আমাদের কাছে তাহা ঈশ্বরের পরাক্রমস্বরূপ।'' ১ করিন্থীয় ১১৮

যদি আজই আপনার মৃত্যু হয়

অনন্তে আপনি কোথায় থাকবেন–স্বর্গে অথবা নরকে?

(একটু চিন্তা করুন। ঈশ্বর চান, আপনি স্বর্গে তাঁরই সঙ্গে থাকবেন।)

বহু মানুষ মনে করে, স্বর্গ বা নরক বলে কিছু নেই। কিন্তু বাইবেল–ঈশ্বরের একমাত্র বাক্য–সুস্পষ্টভাবে বলে যে, এই দুটি স্থান বাস্তব ''তখন রাজা আপনার দক্ষিণ দিকে স্থিত লোকদিগকে বলিবেন, এসো, আমার পিতার আশীর্বাদ-পাত্রেরা, জগতের পত্তনাবধি যে-রাজ্য তোমাদের জন্য প্রস্তুত করা গিয়াছে, তাহার অধিকারী হও। . . . পরে তিনি বামদিকে স্থিত লোকদিগকেও বলিবেন, ওহে শাপগ্রস্ত সকল, আমার নিকট হইতে দূর হও, দিয়াবলের ও তাহার দূতগণের জন্য যে অনন্ত অগ্নি প্রস্তুত করা গিয়াছে তাহার মধ্যে যাও। . . . পরে ইহারা অনন্ত দণ্ডে, কিন্তু ধার্মিকেরা অনন্ত জীবনে প্রবেশ করিবে।''

নরক যন্ত্রণার স্থান। যীশু নরক সম্পর্কে বলেছেন ''নরকে তো লোকদের কীট মরে না, এবং অগ্নি নির্বাণ হয় না'' (মার্ক ৯৪৮; যিশাইয় ৬৬২৪), ''অনন্ত অগ্নি'' (মথি ১৮৮, ২৫৪১), ''অগ্নিময় নরক'' (মথি ৫২২, ১৮৯), ''অগ্নিকুণ্ড'' (মথি ১৩৪২, ৫০) ''অনুশোচনা ও আক্ষেপ'' (মথি ৮১২, ২২১৩, ২৫৩০), ''অনন্ত দণ্ড'' (মথি ২৫৪৬) এবং ''বাইরের অন্ধকার'' (মথি ৮১২, ২২১৩)। ''জীবন-পুস্তকে যাহার নাম লিখিত পাওয়া গেল না, সে অগ্নি-হ্রদে নিক্ষিপ্ত হইল'' (প্রকাশিত বাক্য ২০১৫)। ''মনুষ্যের নিমিত্ত একবার মৃত্যু ও তার পর বিচার নিরূপিত আছে'' (ইব্রীয় ৯২৭)। দিয়াবল ও তার দূতদের জন্য নরক প্রস্তুত করা হয়েছে, তাই ঈশ্বর চান না, আমরা সেখানে থাকি।

তা হলে, এই শাস্তির কারণ কী?

এর উত্তর, পাপ। যা কিছু (বাক্য, কর্ম, চিন্তা. . .) আপনাকে ঈশ্বরের কাছ থেকে পৃথক করে, তা-ই পাপ। আমরা জন্মসূত্রে পাপী এবং বাস করি সেই পাপের মধ্যেই। ঈশ্বর পবিত্র, তাই পাপ তাঁর ও আমাদের মধ্যে বিচ্ছিন্নতা ঘটায়। ''এক মনুষ্য (আদম) দ্বারা পাপ, ও পাপ দ্বারা মৃত্যু জগতে প্রবেশ করিল; আর সেই প্রকারে মৃত্যু সমুদয় মনুষ্যের কাছে উপস্থিত হইল, কেননা সকলেই পাপ করিল'' (রোমীয় ৫৪ ১২)। ''সকলেই পাপ করিয়াছে এবং ঈশ্বরের গৌরববিহীন হইয়াছে'' (রোমীয় ৩২৩)। ''পাপের প্রতিফল (বেতন) মৃত্যু'' (রোমীয় ৬২৩)।

ঈশ্বরের একমাত্র বাক্য বাইবেল থেকে পাপ সম্পর্কে কিছু উদাহরণ 'দৈহিক কামনা, নয়নের বাসনা, জীবন ও যৌবনের অসার গর্ব' (১ যোহন ২১৬)। 'সর্বপ্রকার অধর্মাচরণই পাপ' (১ যোহন ৫১৭)। যীশু বলেছিলেন, 'ভিতর হইতে মনুষ্যদের অন্তঃকরণ হইতে দুষ্টতা বাহির হয়– বেশ্যাগমন, চৌর্য, নরহত্যা, ব্যভিচার, লোভ, দুষ্টতা, ছল, লম্পটতা, কুদৃষ্টি, নিন্দা, অভিমান ও মূর্খতা (মার্ক ৭২১, ২২)। 'যাহারা ভীরু বা অবিশ্বাসী, বা ঘৃণার্হ, বা নরঘাতক, বা বেশ্যাগামী, বা মায়াবী, বা প্রতিমাপূজক, তাহাদের এবং সমস্ত মিথ্যাবাদীর অংশ অগ্নি ও গন্ধকে প্রজ্বলিত হ্রদে হইবে; ইহাই দ্বিতীয় মৃত্যু (প্রকাশিত বাক্য ২১৮)। অপবিত্র কিছু অথবা ঘৃণাকারী ও মিথ্যাকারী কেহ কদাচ তাহাতে (স্বর্গে) প্রবেশ করিতে পাইবে না; কেবল মেষশাবকের জীবন-পুস্তকে যাহাদের নাম লিখিত আছে , তাহারাই প্রবেশ করিবে' (প্রকাশিত বাক্য ২১২৭)। 'তোমরা নিশ্চয় জানিতেছ বেশ্যাগামী কি অশুদ্ধাচারী কি লোভী–সে তো প্রতিমাপূজক–কেহই খ্রীস্টের ও ঈশ্বরের রাজ্যে অধিকার পায় না' (ইফিষীয় ৫৫)। 'মাংসের কার্যসকল সুস্পষ্ট; সেগুলি এই– বেশ্যাগমন, অশুচিতা, স্বৈরিতা, প্রতিমাপূজা, কুহক, নানা প্রকার শত্রুতা, বিবাদ, ঈর্ষা,রাগ, প্রতিযোগিতা, বিচ্ছিন্নতা, দলভেদ, মাৎসর্য, মত্ততা, রঙ্গরস ও তৎসহ অন্যান্য দোষ। এই সকলের বিষয়ে আমি তোমাদিগকে বলিতেছি, যেমন পূর্বে বলিয়াছিলাম, যাহারা এই প্রকার আচরণ করে, তাহারা ঈশ্বরের রাজ্যে অধিকার পাইবে না' (গালাতীয় ৫১৯-২১)। তোমরা কি জান না যে, অধার্মিকেরা ঈশ্বরের রাজ্যে অধিকার পাইবে না? ভ্রান্ত হইও না; যাহারা ব্যভিচারী, কি প্রতিমাপূজক, কি পারদারিক, কি স্ত্রীবৎ আচারী, কি পুঙ্গামী, কি চোর, কি লোভী, কি মাতাল,কি কটুভাষী, কি পরধনগ্রাহী, তাহারা ঈশ্বরের রাজ্যের অধিকার পাইবে না' (১ করিন্থীয় ৬৯,১০)। ''. . . তাহাদের স্ত্রীলোকেরা স্বাভাবিক ব্যবহারের পরিবর্তে স্বভাবের বিপরীত ব্যবহার করিয়াছে, আর পুরুষেরাও তদ্রূপ স্বাভাবিক স্ত্রীসঙ্গ ত্যাগ করিয়া পরস্পর কামানলে প্রজ্বলিত হইয়াছে, পুরুষ পুরুষে কুৎসিত ক্রিয়া সম্পন্ন করিয়াছে, . . .'' (রোমীয় ১২৬, ২৭)।

পৌত্তলিকতা– ''তথাকথিত'' খ্রীস্টানরা যারা পবিত্রজনদের আরাধনা করে, মৃতদের কাছে এবং মৃতদের জন্য প্রার্থনা করে . . . তারা প্রথম আজ্ঞাটি লঙ্ঘন করে, ''আমার সাক্ষাতে তোমার অন্য দেবতা না থাকুক। তুমি আপনার নিমিত্তে খোদিত প্রতিমা নির্মাণ করিও না; উপরিস্থ স্বর্গে, নীচস্থ পৃথিবীতে ও পৃথিবীর নীচস্থ জলমধ্যে যাহা যাহা আছে, তাহাদের কোন মূর্তি নির্মাণ করিও না; তুমি তাহাদের কাছে প্রণিপাত করিও না, এবং তাহাদের সেবা করিও না; কেননা তোমার ঈশ্বর সদাপ্রভু আমি . . .'' (যাত্রাপুস্তক ২০৩-৫)। যীশু ছাড়া আর কোন মধ্যস্থ নেই ''একমাত্র ঈশ্বর আছেন; ঈশ্বরের ও মানুষের মধ্যে একমাত্র মধ্যস্থও আছেন, তিনি মনুষ্য, যীশু খ্রীস্ট . . .'' (১ তীমথিয় ২৫)।

ব্যভিচার– বিবাহ-পূর্ব যৌনতা; বিবাহ-বহির্ভূত যৌনতা। যৌন অনৈতিকতা বা ব্যভিচাররূপে বাইবেলে বিবাহ-পূর্ব যৌনতাকে স্থান দেওয়া হয়েছে। স্বামী ও তার স্ত্রীর মধ্যেকার যৌন-সম্পর্কই একমাত্র ঈশ্বর অনুমোদিত। ‘‘আমি (যীশু) তোমাদিগকে বলিতেছি যে, কেহ কোন স্ত্রীলোকের প্রতি কামভাবে দৃষ্টিপাত করে, সে তখনই মনে মনে তাহার সহিত ব্যভিচার করিল’’ (মথি ৫২৮)।

বিবাহ-বিচ্ছেদ– ‘‘আমি (যীশু) তোমাদিগকে বলিতেছি, যে কেহ ব্যভিচার ভিন্ন অন্য কারণে আপন স্ত্রীকে পরিত্যাগ করে, সে তাহাকে ব্যভিচারিণী করে; এবং যে ব্যক্তি পরিত্যক্তা স্ত্রীকে বিবাহ করে, সে ব্যভিচার করে’’ (মথি ৫৩২)। ‘‘সকলের মধ্যে বিবাহ আদরণীয় ও সেই শয্যা বিমল হউক; কেননা ব্যভিচারীদের ও বেশ্যাগামীদের বিচার ঈশ্বর করিবেন’’ (ইব্রীয় ১৩৪)। যীশু বললেন, ‘‘ঈশ্বর যাহার যোগ দিয়াছেন, মনুষ্য তাহার বিয়োগ না করুক’’ (মার্ক ১০৯)। (এই বিষয়টি সমাধানের জন্য অনুগ্রহ করে প্রার্থনাসহ বাইবেল-অনুসৃত পদ্ধতি অবলম্বন করুন ‘‘নারীগণ, তোমরা যেমন প্রভুর, তেমনই নিজ নিজ স্বামীর বশীভূতা হও।...স্বামীরা, তোমরা আপন আপন স্ত্রীকে সেইরূপ প্রেম কর, যেমন খ্রীস্টও মণ্ডলীকে প্রেম করিলেন আর তাহার নিমিত্ত আপনাকে প্রদান করিলেন’’ (ইফিষীয় ৫২২, ২৫)।

মদ্যপান, ধূমপান, আত্মহত্যা, মাদক, উল্কি . . . ‘‘তোমরা কি জান না যে, তোমরা ঈশ্বরের মন্দির এবং ঈশ্বরের আত্মা তোমাদের অন্তরে বাস করেন? যদি কেহ ঈশ্বরের মন্দির নষ্ট করে, তবে ঈশ্বর তাহাকে নষ্ট করিবেন, কেননা ঈশ্বরের মন্দির পবিত্র আর সেই মন্দির তোমরাই’’ (১ করিন্থীয় ৩১৬, ১৭)। ‘‘মৃতব্যক্তির উদ্দেশে শোক প্রকাশের জন্য তোমরা দেহের কোন অংশ ক্ষতবিক্ষত করবে না, কিংবা শরীরে উল্কি ধারণ করবে না, আমি সদাপ্রভু’’ (লেবীয় ১৯২৮। আমরা তালিকা আরও দীর্ঘ করতে পারছি না। এই সব কাজ আমাদের মধ্যেকার পাপময় প্রকৃতিকেই প্রকাশ করে।

এখন, আপনার কি এই প্রত্যয় হয়েছে যে, আপনি একজন পাপী? যদি তা-ই হয়, তা হলে ঈশ্বরের সঙ্গে আপনার পুনর্মিলনের সুযোগ আছে।

ঈশ্বর আপনাকে ভালোবাসেন এবং তিনি আপনার বিনাশ চান না।

‘‘ঈশ্বর জগৎকে এমন প্রেম করিলেন যে, আপনার একজাত পুত্রকে দান করিলেন, যেন , যে কেহ তাঁহাকে বিশ্বাস করে, সে বিনষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়’’ (যোহন ৩১৬)। ‘‘আমি আসিয়াছি যেন তাহারা জীবন পায় ও উপচয় পায়’’ (যোহন ১০১০)। ‘‘পাপের বেতন (প্রতিফল) মৃত্যু; কিন্তু ঈশ্বরের অনুগ্রহ-দান আমাদের প্রভু যীশু খ্রীস্টেতে অনন্ত জীবন’’ (রোমীয় ৬২৩)।

‘‘ঈশ্বর আমাদের প্রতি তাঁহার নিজের প্রেম প্রদর্শন করিতেছেন; কারণ আমরা যখন পাপী ছিলাম, তখনও খ্রীস্ট আমাদের নিমিত্ত প্রাণ দিলেন’’ (রোমীয় ৫৮)।

মানুষ প্রায়ই তাদের তথাকথিত নিজস্ব সৎকর্মের দ্বারা ঈশ্বরের কাছে পৌঁছতে চায়।

একটি পথ—কালভেরীর ক্রুশের পথ ছাড়া আর কোনভাবেই ঈশ্বরের কাছে পৌঁছান যায় না।

যীশু বললেন, ‘‘আমিই পথ ও সত্য ও জীবন; আমা দিয়া না আসিলে কেহ পিতার নিকটে আইসে না’’ (যোহন ১৪৬)।

যীশুই একমাত্র পথ।

‘‘এই কথা বিশ্বসনীয় ও সর্বতোভাবে গ্রহণের যোগ্য যে, খ্রীস্ট যীশু পাপীদের পরিত্রাণ করিবার জন্য জগতে আসিয়াছেন; তাহাদের মধ্যে আমি অগ্রগণ্য’’ (১তীমথিয় ১১৫)। ‘‘ইহাঁতেই (যীশু)আমরা মুক্তি, পাপের মোচন প্রাপ্ত হইয়াছি’’ (কলসীয় ১১৪)। ‘‘যাঁহাতে (যীশুতে) আমরা তাঁহার রক্ত দ্বারা মুক্তি, অর্থাৎ অপরাধ সকলের মোচন পাইয়াছি; ইহা তাঁহার সেই অনুগ্রহ-ধন অনুসারে হইয়াছে . . .’’ (ইফিষীয় ১৭)। ‘‘অন্য কাহারও কাছে পরিত্রাণ নাই; কেননা আকাশের নীচে মনুষ্যদের মধ্যে দত্ত এমন আর কোন নাম নাই, যে নামে আমাদিগকে পরিত্রাণ পাইতে হইবে’’ (প্রেরিত ৪১২)।

আমরা কীভাবে ঈশ্বরের সন্তান হতে পারি? যীশুকে আপনার পরিত্রাতারূপে গ্রহণ করুন।

‘‘তুমি ও তোমার পরিবার প্রভু যীশুতে বিশ্বাস কর, তাহাতে পরিত্রাণ পাইবে’’ (প্রেরিত. ১৬৩১)। ‘‘যত লোক তাঁহাকে গ্রহণ করিল, সেই সকলকে, যাহারা তাঁহার নামে বিশ্বাস করে, তাহাদিগকে তিনি ঈশ্বরের সন্তান হইবার ক্ষমতা দিলেন’’ (যোহন ১১২)। ‘‘তুমি যদি ‘মুখে’ যীশুকে প্রভু বলিয়া স্বীকার কর, এবং হৃদয়ে বিশ্বাস কর যে, ঈশ্বর তাঁহাকে মৃতগণের মধ্য হইতে উত্থাপন করিয়াছেন, তবে পরিত্রাণ পাইবে’’ (রোমীয় ১০৯)। ‘‘যিনি পাপ জানেন নাই, তাঁহাকে (যীশুকে) তিনি (ঈশ্বর) আমাদের পক্ষে পাপস্বরূপ করিলেন, যেন আমরা তাঁহাতে ঈশ্বরের ধার্মিকতাস্বরূপ হই’’ (২ করিন্থীয় ৫২১)।

কয়েক শতাব্দ পূর্বে যিশাইয় যীশু খ্রীস্টের ক্রুশ-মৃত্যু সম্পর্কে ভবিষ্যদ্বাণী করেছিলেন

“সত্য, আমাদের যাতনা সকল তিনিই তুলিয়া লইয়াছেন, আমাদের ব্যথা সকল তিনি বহন করিয়াছেন; তবু আমরা মনে করিলাম, তিনি আহত, ঈশ্বরকর্তৃক প্রহারিত ও দুঃখার্ত। কিন্তু তিনি আমাদের অধর্মের নিমিত্ত বিদ্ধ, আমাদের অপরাধের নিমিত্ত চূর্ণ হইলেন; আমাদের শান্তিজনক শাস্তি তাঁহার উপরে বর্তিল, এবং তাঁহার ক্ষত সকল দ্বারা আমাদের আরোগ্য হইল” (যিশাইয় ৫৩৪, ৫)। “তিনি আমাদের ‘পাপভার তুলিয়া লইয়া’ আপনি নিজ দেহে কাষ্ঠের উপরে বহন করিলেন যেন আমরা পাপের পক্ষে মরিয়া ধার্মিকতার পক্ষে জীবিত হই” (১ পিতর ২২৪)। “এমন মহৎ এই পরিত্রাণ অবহেলা করিলে আমরা কী প্রকারে রক্ষা পাইব?” (ইব্রীয় ২৩)। “এখন সুপ্রসন্নতার সময়; দেখ, এখন পরিত্রাণের দিবস” (২ করিন্থীয় ৬২)।

আপনি কি এখনই যীশুকে আপনার ত্রাণকর্তারূপে গ্রহণ করবেন? তিনি আপনাকে ভালোবাসেন!

আপনি কীভাবে খ্রীস্টকে আপনার ব্যক্তিগত ত্রাণকর্তারূপে গ্রহণ করতে পারেন?

আপনি স্বীকার করুন যে, আপনি একজন পাপী। অনুতাপ করুন। বিশ্বাস করুন যে, যীশু খ্রীস্ট আপনারই পাপের জন্য কালভেরীর ক্রুশে মৃত্যুবরণ করেছিলেন ও তৃতীয় দিনে কবর থেকে উত্থিত হয়েছিলেন। ভগ্নচূর্ণ হৃদয়ে এই কথাগুলি যীশুর কাছে বলুন ‘আমার প্রিয় প্রভু যীশু, আমি স্বীকার করছি যে, আমি একজন পাপী। আমি তোমার মার্জনা ভিক্ষা করছি। আমি বিশ্বাস করি, তুমি আমারই পাপের জন্য মৃত্যুবরণ করেছিলে এবং মৃতদের মধ্য থেকে তৃতীয় দিনে উত্থিত হয়েছিলে। আমি পাপের পথ ত্যাগ করছি। তোমাকে আমার হৃদয়ে ও জীবনে আমন্ত্রণ জানাচ্ছি। আমি তোমার উপর আস্থাস্থাপন করতে এবং আমার প্রভু ও পরিত্রাতারূপে তোমার অনুসরণ করতে চাই। তোমার পবিত্র নামে প্রার্থনা করি। আমেন্।’

আপনি যদি সত্যসত্যই এই প্রার্থনাটি করে থাকেন, তবে আপনি পরিত্রাণ পেয়েছেন এবং নতুন জন্মের অভিজ্ঞতা লাভ করেছেন।

“যাও, এখন হইতে আর পাপ করিও না” (যোহন ৮১১)। তাঁতে বসতি করুন– “যে কেহ তাঁহাতে থাকে, সে পাপ করে না” (১ যোহন ৩৬)। এখন আপনি পাপ থেকে, মৃত্যুর ভয় থেকে স্বাধীনতা পেয়েছেন। আপনার নাম জীবন-পুস্তকে স্থান লাভ করেছে। আপনি স্বর্গের উত্তরাধিকারী হয়েছেন। আপনার সব কাজ এখনও শেষ হয়নি। বাইবেলকে বিশ্বাস করে এবং তার বাক্য অনুশীলন করে, এমন একটি মণ্ডলী খুঁজে বের করুন এবং বাপ্তিস্ম গ্রহণ করুন। পবিত্র বাইবেল বলে “মন ফিরাও, এবং তোমাদের প্রত্যেক জন তোমাদের পাপমোচনের নিমিত্ত যীশু খ্রীস্টের নামে বাপ্তাইজিত হও; তাহা হইলে পবিত্র আত্মারূপ দান প্রাপ্ত হইবে” (প্রেরিত ২৩৮)।

জলে বাপ্তিস্ম যীশু বলেছিলেন, “. . . পিতার ও পুত্রের ও পবিত্র আত্মার নামে তাহাদিগকে বাপ্তাইজিত কর” (মথি ২৮১৯)। জলে বাপ্তিস্ম মন-পরিবর্তনের পরবর্তী একটি বাধ্যতার কর্ম। এ আমাদের পাপ-ধৌতকরণের প্রতীক। জল বাপ্তিস্ম জল সিঞ্চনের পরিবর্তে নিমজ্জনের দাবী করে। যে-ব্যক্তি জল-বাপ্তিস্ম গ্রহণ করে, তাকে বাপ্তিস্ম গ্রহণের অর্থ অবশ্যই উপলব্ধি করতে হবে। তাই শিশু বাপ্তিস্ম শাস্ত্রসম্মত নয়। বাপ্তিস্মের জন্য তাকে অনুতাপ করতে ও পাপ মুক্ত হতে হবে। জল-বাপ্তিস্মে পুরাতন মানব ও তার মৃত্যুজনক কর্মের সমাধি এবং জল থেকে উত্থিত হয়ে খ্রীস্টের আশ্রয়ে নতুন জীবনের চিত্ররূপ (রোমীয় ৬১-১৮)। “তোমরা যত লোক খ্রীস্টের উদ্দেশে বাপ্তাইজিত হইয়াছ, সকলে খ্রীস্টকে পরিধান করিয়াছ” (গালাতীয় ৩২৭)। একবার জলে বাপ্তিস্ম গ্রহণ করার পর পবিত্র আত্মায় (ত্রিত্বের তৃতীয় সত্তা) বাপ্তিস্ম গ্রহণ করুন।

পবিত্র আত্মায় বাপ্তিস্ম–ঈশ্বরের দান। যীশু বলেছিলেন, “তোমরা পবিত্র আত্মায় বাপ্তাইজিত হইবে . . .” (প্রেরিত ১৫)। “পঞ্চাশত্তমীর দিন উপস্থিত হইলে তাঁহারা সকলে একস্থানে সমবেত ছিলেন। আর হঠাৎ আকাশ হইতে প্রচণ্ড বায়ুর বেগের শব্দবৎ একটা শব্দ আসিল, এবং যে-গৃহে তাঁহারা বসিয়াছিলেন, সেই গৃহের সর্বত্র ব্যাপ্ত হইল। আর অংশ অংশ হইয়া পড়িতেছে এমন অনেক জিহ্বা তাঁহাদের দৃষ্টিগোচর হইল; এবং তাঁহাদের প্রত্যেক জনের উপরে বসিল। তাহাতে তাঁহারা সকলে পবিত্র আত্মায় পরিপূর্ণ হইলেন এবং আত্মা তাহাদিগকে যেরূপ বক্তৃতা দান করিলেন, তদনুসারে অন্য অন্য ভাষায় কথা কহিতে লাগিলেন” (প্রেরিত ২১-৪)। একবার শক্তি লাভ করলে, আপনি পবিত্র আত্মার ফল ও অনুগ্রহ দান লাভ করবেন। আপনি অজানা ভাষায় কথা বলবেন। এই পৃথিবীতে আপনি এক পরাক্রান্ত পবিত্র খ্রীস্টীয় জীবনযাপন করবেন। আপনি খ্রীস্টের পক্ষে সাক্ষ্য দেবেন। প্রত্যেক প্রকৃত খ্রীস্টবিশ্বাসীই একজন মিশনারি।

যীশুর আগমন সন্নিকট। “প্রভু স্বয়ং আনন্দধ্বনিসহ প্রধান দূতের রব সহ, এবং ঈশ্বরের তূরীবাদ্য সহ স্বর্গ হইতে নামিয়া আসিবেন, আর যাহারা খ্রীস্টে মরিয়াছে, তাহারা প্রথমে উঠিবে। পরে আমরা যাহারা জীবিত আছি, যাহারা অবশিষ্ট থাকিব, আমরা আকাশে প্রভুর সহিত সাক্ষাৎ করিবার নিমিত্ত একসঙ্গে তাহাদের সহিত মেঘযোগে নীত হইব; আর এইরূপে সতত প্রভুর সঙ্গে থাকিব” (১ থিষলনীকীয় ৪১৬, ১৭)। তাই এই শুভবার্তা ছড়িয়ে দিন এবং যত জনকে সম্ভব উদ্ধার করুন।

যীশু খ্রীস্ট পাপীদের উদ্ধার করেন, পীড়িতদের সুস্থ করেন, পবিত্র আত্মা দান করেন। অচিরেই রাজারূপে তাঁর আগমন ঘটবে। তাঁকে স্বাগত জানাবার জন্য প্রস্তুত থাকুন।

প্রতিদিন আপনার বাইবেল পাঠ করুন। পবিত্র আত্মার শক্তিতে, প্রভু যীশু খ্রীস্টের মাধ্যমে পিতা ঈশ্বরের কাছে প্রার্থনা করুন। পবিত্র খ্রীস্টীয় জীবন যীপন যাপন করুন। পবিত্র আত্মা চালিত একটি মণ্ডলীতে যোগ দিন। জগতের কাছে খ্রীস্টের পক্ষে সাক্ষ্য দিন।

যদি আপনি সংকটে থাকেন– অসুস্থতা, অর্থনৈতিক বিষয় বা চাকরি সংক্রান্ত...- আমরা আপনার জন্য প্রার্থনা করব।

এই সেবাব ত সম্পর্কে যদি আপনার কোন প্রশ্ন থাকে, বাইবেলের সত্য সম্পর্কে যদি আরও ব্যাখ্যার প্রয়োজন হয়; অথবা ভারতের ও অন্যান্য রাজ্য এবং দেশের জন্য প্রার্থনা করতে চান, অনুগ্রহ করে নিচের ঠিকানায় যোগাযোগ করুন

SWMI,

POST BAG NO.4,
KUNNOM P.O., MAVELIKKARA,
ALLEPPEY DISTRICT,
KERALA STATE, INDIA-690108.
Email: reviveIndia2012@gmail.com
www.shalomworldmission.org